



লেবাননে ইসরাইলি হামলায় নিহত ৪, হুঁশিয়ারি ইরানের



সংগৃহীত ছবি

যুক্তরাষ্ট্র ও ইরানের মধ্যে সমঝোতার আলোচনা এগোলেও লেবাননের দক্ষিণাঞ্চলে ইসরাইলি সামরিক অভিযান থামেনি। মঙ্গলবার (১৬ জুন) একাধিক ড্রোন হামলায় অন্তত চারজন নিহত হয়েছেন বলে জানিয়েছে লেবাননের রাষ্ট্রীয় সংবাদমাধ্যম।

খবরে বলা হয়, নাবাতিয়েহ গভর্নরেটের মাইফাদুন এলাকায় দুটি গাড়ি এবং শৌকিন গ্রামে আরেকটি গাড়িকে লক্ষ্য করে হামলা চালানো হয়। হামলার পর এলাকাজুড়ে উত্তেজনা ছড়িয়ে পড়ে।

লেবাননে চলমান সংঘাত বন্ধের বিষয়টি ইরান-যুক্তরাষ্ট্র আলোচনায় গুরুত্বপূর্ণ ইস্যু ছিল বলে বিভিন্ন সূত্রে জানা গেছে। তেহরান বারবার বলে এসেছে, আঞ্চলিক উত্তেজনা কমাতে হলে লেবাননে হামলাও বন্ধ করতে হবে।

এ ঘটনায় ইরানের পররাষ্ট্রমন্ত্রী আব্বাস আরাগচি বলেন, দক্ষিণ লেবাননে ইসরাইলের সামরিক উপস্থিতি ও হামলা অব্যাহত থাকলে তা চলমান সমঝোতার চেতনার পরিপন্থী হবে। একইসঙ্গে ইরানের সামরিক নেতৃত্বও সতর্ক করে জানিয়েছে, হামলা অব্যাহত থাকলে তারা বিষয়টি গুরুত্বের সঙ্গে বিবেচনা করবে।

এদিকে লেবাননের পার্লামেন্ট স্পিকার নাবিহ বেরির সঙ্গে ফোনে কথা বলেছেন ইরানের পার্লামেন্ট স্পিকার মোহাম্মদ বাঘের গালিবাফ। তিনি লেবাননের ভূখণ্ডে হামলা বন্ধ এবং দখলকৃত এলাকা থেকে সেনা প্রত্যাহারের বিষয়ে আন্তর্জাতিক চাপ বাড়ানোর আহ্বান জানান।

অন্যদিকে ইসরাইলের প্রধানমন্ত্রী বেনিয়ামিন নেতানিয়াহু দক্ষিণ লেবাননে সেনা অবস্থান অব্যাহত রাখার ইঙ্গিত দিয়েছেন। লেবাননের স্বাস্থ্য মন্ত্রণালয়ের তথ্য অনুযায়ী, চলতি বছরের মার্চ থেকে নতুন করে সংঘাত শুরু হওয়ার পর দেশটিতে ইসরাইলি হামলায় কয়েক হাজার মানুষ নিহত ও আহত হয়েছেন।